স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল**, খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৮ই আশ্বিন বুধবার ১৩৭০ ইংরাজী 25th Sept. 1963 { ১৮শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুল জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্চাটহীন।

• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।

• যে কোনো অংশ সহজলভ্য।





**খাস জনতা**

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ, অগ্রিম দেয় নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৮ই আশ্বিন বুধবার সন ১৩৭০ সাল।

# "নাই" এর ঘরে "খাঁই"

—•—

যে গৃহস্থের পরিবারে বহু লোককে খেতে দিতে হয় অথচ আয় তদুপযুক্ত নয় তার যে কি কষ্ট তা ভুক্তভোগী না হ'লে কেউ বোঝে না। দেশে জমিদারগণের জমিদারী সরকার কবলে যাওয়ার পর দেশের খাটুনে লোক সব কর্ম্মবিহীন হ'য়ে পড়েছে। সকলের কথা বলা যায় না একটি ছোট জমিদারের গল্প বলি শুনুন।

যে গ্রামে জমিদার বাবুর বাড়ী সে গ্রাম হ'তে মাইল ৪ দূরে তাঁর প্রজারাই তাঁর পাল্কীর বেয়ারা। বাবু ঘোড়ায় চড়ে সেই গ্রামে এসে দেখেন তাঁর সর্দ্দার বেয়ারা প্রৌঢ় মাধব হুঁকো নিয়ে তামাক খাচ্ছে। অশ্বপৃষ্ঠে জমিদার বাবুকে দেখে মাধব তাড়াতাড়ি হুঁকো রেখে বাবুকে করজোড়ে প্রণাম করলো। মাধবের ৪টি ভীমাকৃতি পুত্র বাঁশ কেটে বাখারী তৈরী করছে। বাবু মাধবকে দেখে বললেন—মাধব! এরা কি তোমার ছেলে?

মাধব—হুজুরের পায়ের আশীর্ব্বাদে এ চারটি ছোট। এদের বড় চারটি মাঠে ধান কাটতে গেছে হুজুর। মাধব মুনিবকে প্রণাম করতে ছেলেদের ইঙ্গিত করা মাত্র তারা মুনিবের চরণ স্পর্শ ক'রে প্রণাম করলো।

মুনিব এই ছোটদের স্বাস্থ্য দেখে খুব খুসী হ'য়ে মাধবকে বল্লেন তুমি খুব ভাগ্যবান। কেমন স্বাস্থ্যবান ছেলেগুলি! আর কত দেবস্থানে মানসিক ক'রে তারকনাথের কৃপায় তারকদাস হ'য়েছে। তিনখানা হাড় রোগ লেগেই আছে। মাধব বল্লে—হুজুর—ভদ্দরলোকের ছেলে ময়ূরে ছেলে ছোটবেলায় মুরগীর মত হয় বড় হ'লে প্যাখম ধরে। ছোট ল্যোকের ছেলে কুকুরে ছেলে ছোটতে কুকুরের মত ভাকুর ভুকুর থাকবে বড় হ'লে খেঁকীর বাচ্চা খেঁকী হবে। বাবু বল্লেন তোমার আট পুত্র বেশ ভাগ্য তোমার।

মাধব আনন্দিত হয়ে ব'লে উঠলো হুজুরকে ভগবান একটি দিয়েছেন, আমাকে ৮টি দিয়েছেন। হুজুরদের একটি হলেই আমাদের ৮টি চাই নইলে ১ খানা পাল্কীতেই যে ৮ বেয়ারা দরকার হবে। আজ হুজুরকে ঘোড়ায় আসা দেখে হতাশ হয়েছি। হুজুর পরশু দিন দেখলাম পাকাডাঙ্গার জমিদার মটর না কলাই কি গাড়ী কিনে পোঁক পোঁক শিঙে বাজাচ্ছে আর রেলগাড়ীর মত বেগে চলেছেন। হুজুর যত যন্ত্র হবে আমাদের তত যন্ত্রণা বাড়বে। ১টা ঘোড়া আজ আমাদের আট ছেলের মজুরী মারলো। আমরা বলি "বালা বাড়ে দুঃখ খণ্ডে"। দেখবেন হজুর যন্ত্র যত হবে খাটুনেদের তত যন্ত্রণা বাড়বে।

---

# লাইন খুলিল

আগামী ১লা অক্টোবর হইতে এই লাইনে সমস্ত ট্রেণ ধুলিয়ান হইয়া বারহারোয়া জংসন পর্য্যন্ত যাতায়াত করিবে। গয়া কমবাইণ্ড পার্শ্বেল ও প্যাসেঞ্জার ট্রেণ এই লাইনে যাতায়াত করিবে।

নিম্নের সময়ানুযায়ী ১লা অক্টোবর হইতে ৩১শে মার্চ্চ, ১৯৬৪ পর্য্যন্ত ট্রেণ সমূহ জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে চলাচল করিবে।

আপ ট্রেণ ( বারহারোয়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭৯নং কাঃ-বারহারোয়া | আসে | ৯-৪১ | ছাড়ে | ৯-৫১ |
| ৩৩৩নং হাওড়া-ফরক্কা | ,, | ১৫-২৫ | ,, | ১৫-৩৫ |
| ৩৪৫নং হাওড়া-বারঃ | ,, | ২১-০৬ | ,, | ২১-১৬ |
| ৩৩১নং হাওড়া-গয়া | ,, | ১-২০ | ,, | ১-২৫ |
| ৩৪৭নং হাওড়া-ফরক্কা | ,, | ৪-১১ | ,, | ৪-২১ |

ডাউন ট্রেণ ( হাওড়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪৮নং ফরক্কা-হাওড়া | আসে | ১-১০ | ছাড়ে | ১-২০ |
| ৩৪৬নং বারঃ-হাওড়া | ,, | ৫-৫৫ | ,, | ৬-০৫ |
| ৩৩৪নং ফরক্কা-হাওড়া | ,, | ১২-৪২ | ,, | ১২-৫২ |
| ৩৮০নং বারঃ-কাটোয়া | ,, | ১৭-৫৩ | ,, | ১৮-০৩ |
| ৩৩২নং গয়া-হাওড়া | ,, | ১৯-৪৫ | ,, | ১৯-৫৫ |

---

# ভারতরক্ষা আইনে দোকানদার গ্রেপ্তার

### মূল্য বেশী লওয়ার ফ্যাসাদ

আসানসোলের দুর্নীতি দমন পুলিশ গত ৭ই সেপ্টেম্বর বেশী দরে চিনি ও সাবান বিক্রয়ের অভিযোগে এখানকার গোলদারী দোকানের মালিক শ্রীমাঙ্গীরাম আগরওয়ালাকে ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করিয়াছে। বেঙ্গল ইঞ্জিনীয়ারিং ইউনিয়ানের অফিস সম্পাদক শ্রীরামাধর তেওয়ারীর অভিযোগ ক্রমে ১৮৫ গ্রাম চিনির মূল্য ৫০ নঃ পঃ এবং একটি লাইফবয় সাবানের মূল্য ৬২ নঃ পঃ লইবার অভিযোগে এই গ্রেপ্তার হইয়াছে। ভারতরক্ষা আইনে জামিন দিবার ব্যবস্থা না থাকিলেও এক্ষেত্রে শ্রীআগরওয়ালাকে জামিনে মুক্তি দেওয়া হইয়াছে। প্রকাশ, পুলিশ সুপার জামিন না দিবার সুপারিশ করিয়াছিলেন। 'দামোদর'

---

# ভারতীয় চায়ের জন্য স্বর্ণপদক

সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত লাইপৎসিক শরৎ মেলায় সর্বোৎকৃষ্ট ভোগ্যপণ্য রপ্তানীকারক ষোলটি দেশ স্বর্ণপদক ও প্রশংসাপত্র লাভ করিয়াছে। এই ষোলটি দেশের অন্যতম ভারত। ভারতের এই উচ্চ সম্মান সারা বিশ্বে বিপুলভাবে সমাদৃত ভারতীয় চায়ের জন্য। ভারতীয় মণ্ডপের অধ্যক্ষ শ্রীমার্টিন ভারতের পক্ষ হইতে স্বর্ণপদকটি গ্রহণ করেন।

---

# রোষ্টোক বন্দরে ভারতের মালবাহী জাহাজ জাগ্রত

ভারতীয় মালবাহী জাহাজ 'জাগ্রত' গত ৩১শে আগষ্ট তারিখে রোষ্টোক বন্দরে পৌছিয়াছে। রোষ্টোক গণতান্ত্রিক জার্মানীর গভীর সমুদ্রগামী জাহাজের বন্দর এবং এই বন্দরে 'জাগ্রত' এর আগমন এই প্রথম। সেপ্টেম্বরের মাঝামাঝি নাগাদ অ্যামোনিয়াম সাল্‌ফেট ও কস্‌টিক সোডায় বোঝাই হইয়া জাহাজটি বন্দর ত্যাগ করিবে। রোষ্টোকের আন্তর্জাতিক নাবিক ক্লাবের সদস্যগণ ভারতীয় জাহাজীদের দেখাশোনা করিতেছেন।

---

## রাসায়নিক সার

দেশের রাসায়নিক সারের চাহিদা দিন দিনই বাড়িয়া চলিয়াছে। এই ক্রমবর্দ্ধমান চাহিদা মিটানোর জন্য ভারত সরকার আগামী তিন বৎসরের মধ্যে ১১ লক্ষ টন অতিরিক্ত রাসায়নিক সার উৎপাদনের ব্যবস্থা করিতেছেন। এ উদ্দেশ্যে সরকারী নেতৃত্বে একটি ফার্টিলাইজার্স কর্পোরেশনও গঠিত হইয়াছে। বঙ্গের দুর্গাপুরে একটি সারের কারখানা স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকার উদ্যোগী হইয়াছিলেন দুর্গাপুরে কয়লার সরবরাহ প্রচুর তাই উৎপাদনের কাজে জ্বালানীর অভাব নাই। এ রাজ্যে সারের চাহিদাও রহিয়াছে যথেষ্ট। কিন্তু জানা গেল এ সব সুবিধা সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের বিশেষজ্ঞ কমিটির কোন কোন সদস্য দুর্গাপুরে কারখানা স্থাপনের অনুকূলে মত দেন নাই। পঃ বঙ্গ সরকারও নাকি নানা অসুবিধার কথা তুলিয়াছেন। এ সংবাদ খুবই উদ্বেগজনক। রাজ্য সরকার এ সম্পর্কে বিস্তারিত তথ্যাদি প্রকাশ করুন, ইহাই জনসাধারণ দাবী করিতেছে।

---

## গণতান্ত্রিক জার্ম্মানীতে ভারতের অপেশাদার শিল্পীগোষ্ঠীর অনুষ্ঠান

গত ৬ই সেপ্টেম্বর তারিখে গণতান্ত্রিক জার্ম্মানীতে ভ্রমণরত একদল ভারতীয় সঙ্গীত ও নৃত্যশিল্পী তাঁহাদের প্রথম অনুষ্ঠানটি পরিবেশন করেন। অপরূপ শিল্পসুষমায় মণ্ডিত ও সঙ্গীতবহুল অনুষ্ঠানটি বিপুলভাবে প্রশংসিত হয়। শ্রোতাদের বিশেষভাবে মুগ্ধ করে রবীন্দ্রসঙ্গীত। কুমারী নির্ম্মলা সেনগুপ্তের একক নৃত্য 'ফসলের দিন' ও বিশেষভাবে প্রশংসিত হয়। জার্ম্মান দক্ষিণপূর্ব এশীয় সমিতির আমন্ত্রণে ১৯ জন সদস্যবিশিষ্ট এই শিল্পীগোষ্ঠী বর্ত্তমানে গণতান্ত্রিক জার্ম্মানীতে ভ্রমণ করিতেছেন। এই শিল্পীরা সকলেই অপেশাদার এবং তাঁহাদের মধ্যে অধিকাংশই কর্ম্মব্যপদেশে লণ্ডনে বসবাস করেন। দলটিকে সংগঠিত করিয়াছেন শ্রীগৌরীশঙ্কর পাণ্ডে।

---

## বিশ্বকর্ম্মা পূজা

অন্যান্য বৎসরের ন্যায় এবারেও রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর সহরে অনেকগুলি প্রতিষ্ঠানে দেবশিল্পী শ্রীশ্রী৺বিশ্বকর্ম্মা দেবের পূজার্চ্চনা হইয়াছে। রঘুনাথগঞ্জ বিদ্যুৎসরবরাহ কেন্দ্রের কর্ম্মিগণ প্রতিমা দর্শনার্থীদের প্রত্যেককে প্রসাদ বিতরণ করিয়া আপ্যায়িত করিয়াছেন।

---

## পশ্চিমবঙ্গ মাংস নিয়ন্ত্রণ আদেশ

### সপ্তমী পূজা উপলক্ষে বলিদানের ব্যাপারে আদেশ শিথিল

পশ্চিমবঙ্গ সরকার দুর্গাপূজা (সপ্তমী) উপলক্ষে বলিদানের জন্য ১৯৬৩ সালের ২৪শে অক্টোবর বৃহস্পতিবার যেখানে পূজা অনুষ্ঠিত হইতেছে সেই গৃহে বা স্থানে পশুহত্যা করা এবং উক্ত দিবসে মনুষ্য কর্তৃক ভক্ষণের জন্য এইরূপ বলিপ্রদত্ত পশুর মাংস বা মাংস সমন্বিত খাদ্য সরবরাহ করাকে পশ্চিমবঙ্গ মাংস নিয়ন্ত্রণ আদেশের বিধানাবলী হইতে অব্যাহতি দিয়াছেন। 'প্রেসনোট'

---


## জঙ্গীপুর-কৃষ্ণপুর এক্সপ্রেস বাস সার্ভিস

জঙ্গীপুর থেকে বহরমপুর, কৃষ্ণনগর, রাণাঘাট, কলিকাতা একই দিনে যাতায়াতের সুবর্ণ সুযোগ। ভোর ৩টায় জঙ্গীপুর থেকে গিয়ে দিনের কাজ সেরে রাত ১১৷৹টায় কৃষ্ণপুর হ'য়ে ফিরা যায়।

—চলন্তিকা বাস সার্ভিস


---


## গৃহ নির্ম্মাণ উপযোগী জমি ও পুকুর বিক্রয়

রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি রোডে "গোপীনাথ ভবনের" পূর্ব্বদিক সংলগ্ন আনুমানিক ৫৷৹ কাঠা জমি ও ২ বিঘা জল ও পাড়সহ পুকুর বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীমৃত্যুঞ্জয় দত্ত, ষণ্ডেশ্বরতলা

(কানি লেন) পোঃ চুঁচুড়া, জেলা হুগলী।


---

## জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন

## জওয়ানদের উদ্দেশে পুস্তক ও পত্রিকা উপহার—মুখ্যমন্ত্রীর আবেদন

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন নিম্নরূপ আবেদন প্রচার করিয়াছেন:—অগ্রবর্তী এলাকায় আমাদের সৈন্যবাহিনীর জন্য প্রকাশনভবনগুলি কর্তৃক বিশেষভাবে প্রচুর পরিমাণে উপহারস্বরূপে প্রদত্ত পুস্তক, পত্রিকা ও অন্যান্য লঘু পাঠ্য-বিষয়ের প্রাপ্তি কৃতজ্ঞতার সহিত স্বীকার করিয়া ও আমি আরও একবার আবেদন করিতে চাই যে জওয়ানদের উদ্দেশে ঐরূপ অধিক পরিমাণ পাঠ্যবিষয়ের প্রয়োজন এখনও আছে। সকল ভারতীয় ভাষা ও ইংরেজীতে নূতন প্রকাশিত ভ্রমণ কাহিনী, জীবনী-গ্রন্থ ও গল্প উপন্যাস জাতীয় হালকা সাহিত্য, ধর্ম পুস্তক এবং সচিত্র ও সাধারণ পত্র পত্রিকার দান অনুগ্রহপূর্ব্বক সরাসরি কলিকাতায় আলিপুরে বেলভেডিয়ারস্থ জাতীয় গ্রন্থাগারের গ্রন্থাগারিকের নিকট প্রেরণ করিতে হইবে। অতঃপর ঐগুলি যথাযথ কর্তৃপক্ষের কাছে পৌছাইয়া দেওয়ার আয়োজন হইবে। পূজা ও দেওয়ালীর পূর্ব্বে জওয়ানদের প্রতি আপনার উপহার স্বরূপ উহা প্রদান করুন।

---


## বিজ্ঞাপন

নিম্নলিখিত তীর টি-আইরন, রেল দরজা জানালা বিক্রয় হবে। ক্রয়েচ্ছু ব্যক্তিগণ শ্রীবনবিহারী ঘোষ নুরপুর কুঠী (নুরপুর গ্রাম সেবা কেন্দ্রে) অনুসন্ধান করুন।

জিনিষের বিবরণ:—তীর ৬টী ১৮' হিঃ, ২টী ৮' হিঃ, ৮টী ১০' হিঃ, ৮টী ১১' হিঃ, টিআইরন ১৬টী ২০ হিঃ, ১৮টী ১৭' হিঃ, ১৮টী ৪৫' হিঃ, (মধ্যে কাটা আছে) ৬'×৩½' হিঃ, সেগুন কাঠের দরজা ৫ জোড়া, ২ জোড়া জানালা, রেল আছে ৭টি ঐ ঘরে টিআইরন ৩৮টী ১৬' হিঃ, ইট তিন লক্ষ এবং টাইল ছয় হাজার।







বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি. কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



প্রাপ্তিস্থান:—

**কুণ্ডু হার্ডওয়ার ষ্টোর**
খাগড়া মুর্শিদাবাদ



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

জশশী আয়ুর্ব্বেদ ভবন

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।